ফুটবল খেললেন নুসরাত

স্বাধীনতা দিবস ও রাখিবন্ধন একসঙ্গে হওয়ায় ডাবল সেলিব্রেশন। ব্যস্ততাও বেশি। তিনি টালিউড অভিনেত্রী ও পশ্চিমবঙ্গের বসিরহাট থেকে নির্বাচিত লোকসভা সদস্য নুসরাত।

বৃহস্পতিবার একদিকে যেমন তাকে পতাকা উত্তোলনে যেতে হয়েছে, তেমনই রাখি পরানোর উৎসবেও শামিল হতে হয়েছে। পুরো দিনটাই কেটেছে তুমুল ব্যস্ততার মাঝে।

সংবাদ প্রতিদিনের প্রতিবেদনে জানানো হয়, সকাল থেকেই কাজে ঠাসা ছিল নুসরাতের শিডিউল। সকাল সাড়ে দশটার মধ্যেই তিনি পৌঁছে যান নিজের কেন্দ্র বসিরহাটে। সঙ্গে ছিলেন স্বামী নিখিল জৈন। বসিরহাট জেলা হাসপাতালের সামনে পতাকা উত্তোলন করেন। সেখানে দলীয় কর্মী ও উপস্থিত জনসাধারণের সঙ্গে কুশল বিনিময়ের পর রাখিবন্ধন উৎসবে যোগ দিতে রওনা দেন। বেলা ১২টা নাগাদ বসিরহাট পুরসভার ১৩ নং ওয়ার্ডে পৌঁছান নুসরাত। সেখানে রাখিবন্ধন উৎসবে অংশ নেন। শান্তির বার্তা দিতে নুসরাত সেখান থেকে বেলুন ও পায়রা ওড়ান। এসময় তার সঙ্গে ছিলেন স্থানীয় বিধায়ক ও দলীয় কর্মীরা।

সেখান থেকে নিমদাড় কোদালিয়া গ্রাম পঞ্চায়েতে যান নুসরত। একটি ফুটবল টুর্নামেন্ট ছিল সেই গ্রাম পঞ্চায়েতে। বসিরহাটের সাংসদ সেই টুর্নামেন্টের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বসিরহাট দক্ষিণের বিধায়ক ও ফুটবলার দীপেন্দু বিশ্বাস। অনুষ্ঠানে তাকে রাখি পরিয়ে দেন নুসরাত। এরপর নুসরাত ফুটবলে কিক করে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। পরে তিনি যান মিনাখায়। সেখানেও একটি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন তিনি।